গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শ্রীপুর, গাজীপুর
www.sreepur.gazipur.gov.bd

বিজ্ঞপ্তি নম্বর : ৩১.৪১.৩৩৮৬.০০০.৯৯.০১০.২৪- ১০৫৫

তারিখ : ০৫ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ / ১৭ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

**১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ মেয়াদে অনলাইন প্রক্রিয়ায় অ-ইজারাকৃত জলমহাল সাধারণ আবেদনে ম্যানুয়াল পদ্ধতিতে ইজারার বিজ্ঞপ্তি**

এতদ্বারা সংশ্লিষ্ট সমবায় সমিতি/সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ ও ২০১২ (সংশোধিত) এবং সরকারি জলমহাল ইজারা সংক্রান্ত ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ অধিশাখার ২৭ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০৩.২৫.১৩২ নং স্মারক অনুযায়ী গাজীপুর জেলার শ্রীপুর উপজেলার ২০ (বিশ) একর পর্যন্ত আয়তন বিশিষ্ট নিম্নোক্ত জলমহাল/খাস পুকুরসমূহ ১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ মেয়াদে শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে ইজারা প্রদানের নিমিত্ত সীলমোহরযুক্ত খামে ম্যানুয়াল পদ্ধতিতে সাধারণ আবেদন আহবান করা যাচ্ছে। উল্লেখ্য যে, আবেদন ফরমের মূল্য ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য)।

<u>আবেদনপত্র প্রাপ্তি, জমাদান ইত্যাদি সংক্রান্ত তথ্য</u>

| আবেদন ফরম প্রাপ্তির তারিখ ও স্থান | আবেদন ফরম দাখিলের তারিখ ও সময় এবং দাখিলের স্থান | আবেদন বাক্স খোলার তারিখ ও সময় (যদি কেউ উপস্থিত থাকেন) এবং যাচাই-বাছাই সংক্রান্ত উপজেলা জলমহাল কমিটির সভা |
|---|---|---|
| ২০/৩/২০২৫ হতে ৯/৪/২০২৫ পর্যন্ত<br>(অফিস চলাকালীন সময়)<br>১। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীপুর, গাজীপুর<br>২। উপজেলা ভূমি অফিস, শ্রীপুর, গাজীপুর | ১০/৪/২০২৫<br>(দুপুর ১:০০ টা পর্যন্ত)<br>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীপুর, গাজীপুর | ১০/৪/২০২৫, বিকাল ৩:০০ টা |

**<u>১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ মেয়াদে অনলাইন প্রক্রিয়ায় অ-ইজারাকৃত ২০ একর পর্যন্ত ইজারাযোগ্য খাস পুকুর/জলমহালসমূহের তফসিল</u>**

| ক্রমি কনং | পৌরসভা/ ইউনিয়ন | মৌজা | পুকুরের নাম | দাগনং | | জমির পরিমাণ (একরে) | সরকারি মূল্য/ সম্ভাব্য মূল্য (তিন বৎসরের মোট) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | এসএ | আরএস | | |
| ১. | শ্রীপুর | শ্রীপুর | সরোবর আদর্শ পুকুর | ১৮২২ | ৭৩৬৮ | ২.২০ | ১০৩৯৫০/- |
| ২. | " | কেওয়া | শালুক পুকুর | ২২২ | ২৯৪ | ১.৯৪ | ৯৮৭৬/- |
| ৩. | " | কেওয়া | বেইলী পুকুর | ১৬৩৫ | ৩৪৬৪ | ১.০৮ | ১১০২৫/- |
| ৪. | " | কেওয়া | ঘানি পুকুর | ১০৭৬ | ৬৭২২<br>২০৮৬ | ০.৪৮<br>০.৬০ | ৫১০৩/- |
| ৫. | " | কেওয়া | বন্ধন পুকুর | ৭২৭<br>৮৬৫ | ১৮৪৫<br>২২৩৪ | ০.৬৪<br>১.৩১ | ৯২১৪/- |
| ৬. | " | কেওয়া | উদুই পুকুর | ১৫০০ | ২৩০০ | ১.০০ | ৭৮৭৫/- |
| ৭. | " | উজিলাব | ছায়া পুকুর | ৩৯৬ | ২৪১ | ০.৪৮ | ২৬২৫/- |
| ৮. | মাওনা | মাওনা | মহিচামারা পুকুর | ২৩৩৪ | ৪৩৭৩ | ০.৯১ | ৪৩০৫/- |
| ৯. | " | মাওনা | নয়া পুকুর | ১৮৪৯ | ৭০৮৬ | ১.৮০ | ৮৯৭৮/- |
| ১০. | " | মাওনা | কপাটিয়াপাড়া সিংগারদিঘী (ঝাউবন) পুকুর | ৪২৫৯ | ১০১৫৮ | ১.১৫ | ৫৭৭৫/- |
| ১১. | " | মাওনা | ঝিলিক পুকুর | ২০৭২ | ৪৬৬৭ | ১.৬০ | ১০২৯০০/- |
| ১২. | " | মাওনা | দলিব পুকুর | ২৫০৭ | ৩৮৪৭ | ০.৯৯ | ৪৬৭৮/- |
| ১৩. | " | মাওনা | কপাটিয়াপাড়া দামা পুকুর | ২৯৩৫ | ২৬১৪ | ১.৮৩ | ১১০২৫/- |
| ১৪. | " | রাথুরা | বারতোপা বড়বাইদ পুকুর | ২৫৬২ | ৯১৫৪ | ১.১২ | ৫২৯২/- |
| ১৫. | " | রাথুরা | দরগারচালা মৎস্যজীবী পুকুর | ২৩ | ১১৩৩ | ১.৬২ | ৭৬৬৫/- |
| ১৬. | " | রাথুরা | মরু পুকুর | ৪৬৫ | ১১৭৪ | ২.৫৮ | ১৩৭৫৫/- |
| ১৭. | গাজীপুর | গাজীপুর | লাইরা পুকুর | ১৪৪৫ | ৪৮৭০ | ১.০৮ | ১৭৮৫০/- |
| ১৮. | " | গাজীপুর | ধলির পুকুর | ৫১১ | ৬৮৬১<br>৬৮৬২ | ২.৫৬ | ৭৫৬০০/- |
| ১৯. | " | গাজীপুর | মরা পুকুর | ২৩২১ | ২০৯৪ | ১.২০ | ৬৬১৫/- |
| ২০. | " | গাজীপুর | খামার পুকুর | ২৩৪০ | ৫৭৫৪ | ০.৪৫ | ২১২৭/- |
| ২১. | " | শৈলাট | শৈমলাট পুকুর | ৫৮৬ | ২২৪৯ | ১.১০ | ৬৩০০/- |
| ২২. | " | বাঁশবাড়ী | বাঁশবাড়ী পুকুর | ৮ | ৪৬ | ০.৪৪ | ২০৮০/- |
| ২৩. | " | ধনুয়া | মিঠাদিঘী পুকুর | ১৩৫২ | ৩১২৯ | ১.১২ | ৫৭৭৫০/- |
| ২৪. | তেলিহাটি | তেলিহাটি | ডোমবাড়ীচালা পুকুর | ১১১ | ১৫০২ | ০.৬৭ | ৪২০০/- |
| ২৫. | " | টেংরা | ডিবার পুকুর | ১৬২ | ২৯৫১ | ১.৩১ | ৬৫১০/- |
| ২৬. | " | পেলাইদ | হাজারী পুকুর | ৪০/২১১ | ২২৬ | ০.৯০ | ৩৩৯৪৮/- |
| ২৭. | রাজাবাড়ী | রাজাবাড়ী | মালীপাড়া পুকুর | ৬৪৬ | ৮০৯ | ০.৬৬ | ৩০৪৫/- |
| ২৮. | " | রাজাবাড়ী | দিঘীরচালা পুকুর | ৮৪৩ | ১০৭৮/<br>১৩৫৮ | ১.১১ | ২১৯৪৫০/- |
| ২৯. | " | রাজাবাড়ী | মগীর পুকুর | ৬৮০ | ৮০০ | ৬.২৫ | ৮৫১১২৯/- |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৩০. | " | ডোয়াইবাড়ী | রামুন্না পুকুর | ৩৮৬ | ১১৭৫ | ০.৬৯ | ৩৪৬৫/- |
| ৩১. | " | বামনগাও | কানা পুকুর | ১০১ | ১৩১ | ০.৩৬ | ১৭০২/- |
| ৩২. | " | আতলড়া | আতলড়া কাচারী পুকুর | ৫৭ | ২৩৭ | ০.৭৯ | ৩৬২৩/- |
| ৩৩. | প্রহলাদপুর | লোহাগাছিয়া | কানাই পুকুর | - | ৪৬৫০ | ০.৩৯ | ১৮৫০/- |
| ৩৪. | বরমী | বরমী | ছিটপাড়া পুকুর | ৩২২ | ৭১৬, ৭২৭ | ০.৬৭<br>০.৫৭ | ৬৩০০/- |
| ৩৫. | " | পাঠানটেক | পাঠানটেক পুকুর | ৪০৬ | ৪১০ | ০.৫৬ | ১৪৭০০/- |
| ৩৬. | " | পাঠানটেক | কাঠমহল পুকুর | ৪১৯ | ৪২৯ | ০.৬১ | ৫২৫০/- |
| ৩৭. | " | সাতখামাইর | নারাইন্না পুকুর | ১৯৯৬<br>১৯৯৭ | ১৬৩৮১<br>১৬৩৮২ | ১.৩০<br>১.৫৫ | ১৮৩৭৫০/- |
| ৩৮. | " | সাতখামাইর | কমলা পুকুর | ৪৫৩ | ৭৭৬১ | ১.৭১ | ৪২০০০০/- |
| ৩৯. | " | সাতখামাইর | হান্না পুকুর | ১৮৬২<br>১৮৬১ | ১৫০৭৮<br>১৫০৭৯ | ১.৫৯<br>০.২১ | ৮৯২৫০/- |
| ৪০. | " | সাতখামাইর | বিপইন্দা পুকুর | ২১৮৫<br>২১৮৬ | ৩০০৮১<br>৩০০৮২ | ০.৫৬<br>০.২০ | ৪১৯১/- |
| ৪১. | " | সাতখামাইর | চাডা পুকুর | ২০০৮ | ১৬২৯৬ | ১.১০ | ১৫৭৬৫৮/- |
| ৪২. | " | সাতখামাইর | দরগারচালা পুকুর | ২৯০৮ | ৭৫৩১,<br>৭৫৩২ | ০.০৫<br>০.০১ | ১০০০/- |
| ৪৩. | কাওরাইদ | ধামলই | ঠারফানির পুকুর | ২৪৮৯ | ১০৭০৪ | ১.৭২ | ৮৯২৫/- |
| ৪৪. | " | ধামলই | কইষ্কার পুকুর | ২৭৫৯ | ১৩১৬৩ | ০.৯৫ | ৪৭১৪/- |
| ৪৫. | গোসিংগা | গোসিংগা | হেওরা পুকুর | ৬২৪ | ১৩৬৯ | ০.৩১ | ১৫৭৫/- |
| ৪৬. | ,, | গোসিংগা | ইরানী পুকুর | ৮৮০, ৯৩২ | ৪৮৬৬,<br>৪৮৬৮ | ০.৫০ | ২৫৩১/- |
| ৪৭. | " | নিজ খোজেখানী | শের পুকুর | ৬২১ | ১২৫৪ | ০.৪৬ | ২২০৫/- |
| ৪৮. | " | নিজ খোজেখানী | মাথাই (মন্দা) পুকুর | ৪৩৫ | ১৩৩৯ | ০.২২ | ১০৪০/- |
| ৪৯. | " | নিজ খোজেখানী | বের পুকুর | ৫৯০ | ১২১৭ | ০.০৮ | ১০০০/- |
| ৫০. | " | কর্ণপুর | নীল (ঘান) পুকুর | ৭৫২ | ১৬০[illegible] | ০.৩৭ | ৩৩৬০/- |
| ৫১. | " | কর্ণপুর | মন্দা পুকুর | ৭৭৪ | ১৯৮ | ০.৩০ | ১৮৭৫/- |
| ৫২. | " | চাওবন | মান্দার পুকুর | ১৬৭ | ৮৬১ | ০.৪০ | ৮৯২৫/- |
| ৫৩. | " | বেড়াবাড়ী | গাতা পুকুর | ৬৮ | ১২৪ | ০.২৬ | ১২৩০/- |

## শর্তাবলী

১। আবেদনপত্রের সাথে আবেদনকারী কর্তৃক প্রস্তাবিত ইজারামূল্যে ২০% অর্থ সরকার অনুমোদিত যে কোন বাণিজ্যিক ব্যাংক হতে বিডি/পে-অর্ডার মারফত জামানত বাবদ জমা দিতে হবে। জামানতের অর্থ ইজারার শেষ বছরের ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে।

২। যিনি প্রাকৃতিক উৎস হতে মাছ শিকার এবং বিক্রয় করেই জীবিকা নির্বাহ করে তিনি প্রকৃত মৎস্যজীবি বলে গণ্য হবে।

৩। সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত প্রকৃত মৎসজীবী সংগঠন জলমহাল ইজারায় অংশগ্রহণ করতে পারবে। তবে কোন সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎসজীবি নহেন, সে সমিতি কোন সরকারি জলমহাল/পুকুর বন্দোবস্ত পাওয়ার যোগ্য হবে না। কোন ব্যক্তি বা কোন অনিবন্ধিত সমিতি সরকারি জলমহাল ব্যবস্থাপনায় আবেদন করতে পারবে না।

৪। জলমহাল/পুকুর ইজারা প্রদানের ক্ষেত্রে যুব মৎস্যজীবিদের নিবন্ধিত সমিতি অগ্রাধিকার পাবে। তবে এরূপ কোন মৎস্যজীবি সমবায় সমিতি পাওয়া না গেলে, সমাজ ভিত্তিক মৎস্য চাষ ব্যবস্থাপনার অনুকরণে, কেবলমাত্র সংশ্লিষ্ট জলমহাল/পুকুরের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানে বসবাসরত (ক) বেকার যুবক (খ) মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান (গ) যুব মহিলা (ঘ) বিধবা ও স্বামী পরিত্যক্তা (ঙ) আনসার ভিডিপি ও গ্রামপুলিশ সদস্য (চ) দরিদ্র ও অসচ্ছল ব্যক্তিগণের সমন্বয়ে এতদুদ্দেশ্যে গঠিত ও সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত একক সমিতিকে জলমহাল/পুকুর তিন বছর মেয়াদে শর্ত সাপেক্ষে ইজারা প্রদান করা যাবে।

৫। জলমহাল/পুকুর ইজারা প্রাপ্তির জন্য আবেদনকারী সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরূপ উপজেলা সমবায় কর্মকর্তা/সমাজসেবা কর্মকর্তার প্রত্যয়নপত্রসহ বিগত ০২(দুই) বছরের অডিট রিপোর্ট আবেদনের সাথে দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধিত মৎসজীবিদের সমিতির ক্ষেত্রে এ ধরনের প্রত্যয়নপত্র বা অডিট রিপোর্ট প্রযোজ্য নয়।

৬। আবেদন পত্রের সাথে সমিতির সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) নির্বাচিত নির্বাহী/কার্যকরী কমিটির নামের তালিকা (ঠিকানাসহ) দাখিল করতে হবে একই সাথে এর অনুলিপি উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির নিকট দাখিল করতে হবে।

৭। ইজারা গ্রহণে আগ্রহী নিবন্ধিত সমবায় সমিতি/সংগঠনকে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিবের সীল সম্বলিত স্বাক্ষরযুক্ত নির্দিষ্ট আবেদন ফরমে আবেদন করতে হবে।

৮। আবেদনপত্রের সাথে সংগঠন/সমিতির গঠনতন্ত্র, নির্বাচিত কমিটি, সমিতির ব্যাংক হিসাবের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্র এবং তিন বছর মেয়াদে ইজারা প্রাপ্তির লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালে মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনা পরিকল্পনা/রূপরেখা দাখিল করতে হবে। আবেদন অসম্পূর্ণ থাকলে তা বাতিলযোগ্য হবে।

৯। কোন সমিতি ইজারামূল্য পরিশোধে খেলাপী হলে অথবা জলমহাল/পুকুর সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা জলমহাল/পুকুর বিষয়ে অন্য কোন আদালতে মামলা থাকলে উক্ত সমিতি ইজারার জন্য আবেদন করতে পারবে না।

১০। কোন সমিতি বছরের যে কোন সময় জলমহাল/পুকুর ইজারা গ্রহণ করলেও ঐ বছরের ১ বৈশাখ হতে ইজারা হিসাবে গণ্য হবে।

১১। আবেদন ফরমের সমুদয় কলাম যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে। অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য হবে না।

১২। সময়মত লীজ মানি পরিশোধ না করা, তথ্য গোপন করা কিংবা অন্য কোন অনিয়মের কারণে উপজেলা নির্বাহী অফিসার লীজ বাতিল করতে পারবেন এবং বাতিলকৃত জলমহাল/পুকুর পুনরায় যথা নিয়মে লীজ প্রদান করতে পারবেন।

১৩। প্রস্তাবিত ইজারামূল্যের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর পরিশোধ করতে হবে।

১৪। কোন সমবায় সমিতি/সংগঠন আবেদন প্রক্রিয়ায় ০২ (দুই) টির বেশী জলমহাল/পুকুর ইজারা গ্রহণ করতে পারবে না।

১৫। ইজারাকৃত জলমহাল/পুকুর কোন অবস্থাতেই সাব-লীজ দেয়া যাবে না বা অন্য কোন ব্যক্তি বা গোষ্ঠীকে দেয়া যাবে না। যদি সাব-লীজ প্রদান প্রমাণিত হয়, তবে ইজারা বাতিল করা হবে এবং জামানতসহ জমাকৃত অর্থ সরকার অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত লীজ গ্রহীতা মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল/পুকুর বন্দোবস্ত প্রাপ্তির জন্য কোন আবেদন করতে পারবেনা।

১৬। জলমহাল/পুকুর ইজারা গ্রহণে আগ্রহী সংগঠন/সমিতিকে সরেজমিনে জলমহাল/পুকুরের বাস্তব অবস্থা সম্পর্কে অবহিত হয়ে ইজারার কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে। ভবিষ্যতে এতদসংক্রান্ত কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৭। ইজারাকৃত সকল জলমহাল/পুকুরে মৎস্য সম্পদ পরিচর্যামূলক ক্ষেত্র ভিত্তিক গবেষণা ও তথ্য সংগ্রহের উদ্দেশ্যে মৎস্য বিজ্ঞানীদের অবাধ বিচরণ, তথ্য সংগ্রহ ও নিজ খরচায় নমুনা মৎস্য আহরণ, পরিবেশগত তথ্য সংগ্রহ ইত্যাদি কর্মকান্ড পরিচালনার জন্য মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়ের অধিকার থাকবে।

১৮। বন্দোবস্তকৃত/ইজারাকৃত জলমহাল/পুকুরের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবেনা।

১৯। ইজারাকৃত সরকারী জলমহাল/পুকুর পাড়ে ইজারা গ্রহীতা কর্তৃক সামাজিক বনায়নের ব্যবস্থা করতে হবে।

২০। বর্ষা মৌসুমে যখন ইজারাকৃত জলাশয়, সংলগ্ন প্লাবনভূমির সাথে প্লাবিত হয়ে একক জলাশয় রূপ নেয়, তখন ইজারাদারের মৎস্য আহরণ অধিকার কেবল ইজারাকৃত জলাশয়ের সীমানার ভিতর সীমাবদ্ধ থাকবে।

২১। ইজারাকৃত জলমহাল/পুকুরে কোন রাক্ষুসে মাছ চাষ করা যাবে না।

২২। যে কোন তফসিলী ব্যাংক হতে আবেদন ফরমের অফেরতযোগ্য মূল্য বাবদ ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার (উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর বরাবর ইস্যুকৃত) সংগ্রহ করতঃ উক্ত ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দাখিলপূর্বক আবেদন ফরম সংগ্রহ করতে হবে।

২৩। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৪। ইজারার শর্তসমূহ আবেদনপত্রের সাথে পাওয়া যাবে এবং বিস্তারিত অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

১৯/৩/২০২৫

ব্যারিস্টার সজীব আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
শ্রীপুর, গাজীপুর

বিজ্ঞপ্তি নম্বর : ৩১.৪১.৩৩৮৬.০০০.৯৯.০১০.২৪-১০৫৫ (১২০)

তারিখ : ০৫ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
১৯ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
০৩। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৪। জেলা প্রশাসক, গাজীপুর।
০৫। পুলিশ সুপার, গাজীপুর।
০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাজীপুর।
০৭। সিভিল সার্জন, গাজীপুর।
০৮। প্রশাসক, ........................ উপজেলা পরিষদ (সকল), গাজীপুর।
০৯। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), গাজীপুর।
১০। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত/সড়ক ও জনপথ বিভাগ/এলজিইডি/জনস্বাস্থ্য প্রকৌশল/শিক্ষা প্রকৌশল অধিদপ্তর/বিএডিসি (সেচ)/ পিডিবি, গাজীপুর।
১১। উপজেলা নির্বাহী অফিসার,..........................................., গাজীপুর। সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য।
১২। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গাজীপুর।
১৩। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা।
১৪। রেভিনিউ ডেপুটি কালেক্টর, গাজীপুর। সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য।
১৫। জেলা ........................................কর্মকর্তা, গাজীপুর।। সদয় অবগতি ও নোটিশ বোর্ডে টাংগিয়ে প্রচারের অনুরোধসহ।
১৬। জেলা তথ্য কর্মকর্তা, গাজীপুর। সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য।
১৭। ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, শ্রীপুর উপজেলা পরিষদ, গাজীপুর।
১৮। অফিসার-ইন-চার্জ, শ্রীপুর মডেল থানা, গাজীপুর। অবগতি ও নোটিশ বোর্ডে টাংগিয়ে প্রচারের জন্য।
১৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শ্রীপুর, গাজীপুর। সদয় অবগতি ও তার অফিসসহ ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রসমূহের নোটিশ বোর্ডে টাংগিয়ে প্রচারের জন্য।
২০। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শ্রীপুর, গাজীপুর। অবগতি ও নোটিশ বোর্ডে টাংগিয়ে প্রচারের জন্য।
২১। উপজেলা মৎস্য কর্মকর্তা,.................................... (সকল), গাজীপুর। অবগতি ও নোটিশ বোর্ডে টাংগিয়ে প্রচারের জন্য।
২২। সাব-রেজিস্ট্রার, শ্রীপুর, গাজীপুর। অবগতি ও নোটিশ বোর্ডে টাংগিয়ে প্রচারের জন্য।
২৩। উপজেলা ..............................................অফিসার, শ্রীপুর, গাজীপুর। অবগতি ও বহুল প্রচারের জন্য।
২৪। উপজেলা সমবায় কর্মকর্তা,........শ্রীপুর...........,শ্রীপুর, গাজীপুর।
২৫। ব্যবস্থাপক, ..........................ব্যাংক লিঃ, শ্রীপুর শাখা, গাজীপুর।

২৬। পোস্ট মাস্টার, ............................ পোস্ট অফিস, শ্রীপুর, গাজীপুর। অবগতি ও নোটিশ বোর্ডে টাংগিয়ে প্রচারের জন্য।

২৭। চেয়ারম্যান/প্রশাসক, ............................ইউঃ পিঃ, শ্রীপুর, গাজীপুর। তাঁকে ঢোল-সহরত/মাইকিং এর মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

২৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,................................পৌর/ইউনিয়ন ভূমি অফিস, শ্রীপুর, গাজীপুর। তাঁকে ঢোল-সহরত/মাইকিং এর মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

২৯। সভাপতি/সম্পাদক, ............................মৎস্যজীবি সমবায় সমিতি, শ্রীপুর, গাজীপুর।

৩০। সম্পাদক, .............................................................................................। তাঁকে বর্ণিত বিজ্ঞপ্তিটি আগামী ২০/৩/২০২৫ তারিখের মধ্যে ০১ (এক) দিনের জন্য প্রকাশ করে পত্রিকার ০২ (দুই) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

৩১। নোটিশ বোর্ড।

৩২। অফিস কপি।

১৯/৩/২৫

আতাহার শাকিল
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
শ্রীপুর, গাজীপুর